

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : www.wbcuta.org

রেফারেন্স নং ০২/০১/২০২১

তারিখ : ১২-০১-২০২২

অধ্যাপক ব্রাত্য বসু,
মাননীয় শিক্ষামন্ত্রী,
পশ্চিমবঙ্গ সরকার,
বিকাশ ভবন, সল্টলেক, কলিকাতা।

মাননীয়েষু,

গত ২৯-১২-২০২১ আপনাকে প্রেরিত চিঠিতে আমরা অধ্যাপকদের অবসরের বয়স বৃদ্ধির বিষয় আমাদের কিছু তাৎক্ষণিক প্রতিক্রিয়া জানিয়েছিলাম। অধ্যাপকদের অবসরের সময়সীমা বৃদ্ধির জল্পনা-কল্পনা অনেক দিন ধরেই চলছে। দুর্ভাগ্যজনক বিষয় হলো, রাজ্যে অধ্যাপকদের সুপ্রাচীন ও সর্ববৃহৎ সংগঠন হওয়া সত্ত্বেও আমরা সাম্প্রতিক কালে শিক্ষাজগতের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আমাদের বক্তব্য সরকারকে জানানোর কোনো সুযোগ পাইনি। অধ্যাপকদের চাকুরির বয়স সীমা বৃদ্ধির প্রশ্নে-ও নীতি নির্ধারণের আগে আমাদের বক্তব্য জানানোর কোনো সুযোগ দেওয়া হবে না এই আশঙ্কায় আমরা বহুল প্রচারিত এক সংবাদপত্রে প্রকাশিত খবরের ভিত্তিতে পূর্ববর্তী চিঠি আপনাকে দিয়েছিলাম। ওয়েবকুটার কর্মসমিতি এই চিঠির পর আহূত সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করে যে, কোনো অবস্থাতেই অধ্যাপকদের চাকুরীর বয়স পঁয়ষাট থেকে আর বৃদ্ধি পাওয়া সমীচিন নয়। এই ধরনের সময়-সীমা বৃদ্ধি রাজ্যের অগণিত চাকুরী প্রার্থী উচ্চশিক্ষিত ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ বিপন্ন করছে। আমরা আমাদের অভিমত দ্ব্যর্থহীন ভাষায় আপনাকে অবহিত করলাম।

ধন্যবাদ সহ

কেশব ভট্টাচার্য

(কেশব ভট্টাচার্য)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪